

উপজেলা সমবায় কার্যালয়, বরগুনা সদর, বরগুনার ভবিষ্যৎ পরিকল্পনা

সমবায় সমিতির অনলাইন রেজিস্ট্রেশন এবং ই-সেবা চালু করা, সমবায়ের মাধ্যমে আত্ম-কর্মসংস্থান সৃষ্ণের লক্ষ্যে ক্ষুদ্র উদ্যোক্তা তৈরী ও প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ মানব সম্পদ সৃষ্টি করা। পাশাপাশি সমবায়ের মাধ্যমে দেশীয় উৎপাদন বৃদ্ধি এবং উৎপাদিত পণ্য সরাসরি ভোক্তাদের নিকট সুলভ মূল্যে পৌঁছে দেয়ার লক্ষ্যে সমবায় পণ্যের বাজারজাতকরণ ও প্রমোশন প্রকল্প গ্রহণের উদ্যোগ নেয়া হয়েছে। তাছাড়া দুগ্ধ সমবায় সমিতির কার্যক্রম বিস্তৃতকরণের মাধ্যমে দেশকে দুগ্ধ উৎপাদনের স্বয়ংসম্পূর্ণ করে তোলার কার্যক্রম হাতে নেয়া হয়েছে। অন্যদিকে দেশের অনগ্রসর বিভিন্ন নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠীর জন্য সমবায়ের মাধ্যমে নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়ন এবং সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়নে কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।

- উৎপাদনমুখী ও আয়বর্ধক কৃষি সমবায় সমিতি গঠনের মাধ্যমে কৃষিতে উৎপাদন বৃদ্ধি করা।
- ন্যায্য মূল্যে স্বাস্থ্যসম্মত ভোগ্যপণ্য ক্রেতার নিকট উপস্থাপনের জন্য মার্কেটিং সমবায় সমিতি গঠন করা।
- দুগ্ধ সমিতি গঠন ও সম্প্রসারণের মাধ্যমে ভোক্তার নিকট ভেজালমুক্ত দুগ্ধ ও দুগ্ধজাত পণ্য সরবরাহ নিশ্চিত করা।
- ব্যাপক আকারে মহিলা সমিতি গঠনের মাধ্যমে আয়বর্ধক কাজে মহিলাদের সম্পৃক্তকরণসহ নারীর ক্ষমতায়ন নিশ্চিত করা।
- সমবায়ের মাধ্যমে ব্যায়োগ্যাস প্লান্ট, সৌর বিদ্যুৎ উৎপাদন বিশুদ্ধ পানি সরবরাহ নিশ্চিত করে টেকসই উন্নয়নে ও পুনঃনবায়নযোগ্য জ্বালানী তৈরীতে ভূমিকা রাখা।
- পশ্চাদপদ জনগোষ্ঠীর উন্নয়নে সমবায় সমিতি গঠন ও তাদের জীবন-যাত্রার মান উন্নয়ন নিশ্চিত করা।
- কম্পিউটার প্রশিক্ষণসহ অন্যান্য আয়বর্ধক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সমবায়ীদের দক্ষ জনগোষ্ঠীতে পরিণত করা।